তারিখ 15 DEC 2015
পৃষ্ঠা ২ কলাম ৩

কালের কণ্ঠ

# এ সপ্তাহেই নতুন বেতন কাঠামোর গেজেট

নিজস্ব প্রতিবেদক ▷

সরকারি চাকরিজীবীদের নতুন বেতন কাঠামোর গেজেট আগামী বৃহস্পতিবারের মধ্যেই জারি করা হবে। আর চাকুরেরা চলতি ডিসেম্বর মাসের বেতনও নতুন কাঠামোতেই পাবেন। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত গতকাল সোমবার এ কথা বলেছেন।

রাজধানীর হেয়ার রোডে মন্ত্রীর সরকারি বাসভবনে গতকাল বিশ্বব্যাংকের প্রধান অর্থনীতিবিদ কৌশিক বসুর সাক্ষাতের পর অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এ তথ্য জানান। এর আগে অর্থমন্ত্রী নতুন বেতন কাঠামো সম্পর্কে বলেন, কর্মকর্তা-কর্মচারীরা ডিসেম্বর মাসের বেতন জানুয়ারিতে নতুন কাঠামোতে পাবেন এটা নিশ্চিত। ভেটিংয়ের সময় আইন মন্ত্রণালয় কিছু বিষয়ে আপত্তি জানিয়েছিল। তবে তারা সেটা করতে পারে না। কারণ সব কিছু মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী হয়েছে।